

আজ থেকে ডাকসু নির্বাচনের প্রচারণা শুরু, প্রস্তুত প্রার্থীরা

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) ও হল সংসদ

নির্বাচনের প্রচারণা আজ মঙ্গলবার থেকে শুরু হচ্ছে। এত দিন
প্রার্থীরা নানাভাবে প্রচার চালালেও আজ থেকে আনুষ্ঠানিক প্রচারণা
শুরু হচ্ছে। এ জন্য নানা ধরনের প্রস্তুতিও নিয়েছেন প্রার্থীরা।

গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী
সিনেট ভবনে এক সংবাদ সম্মেলনে ডাকসু নির্বাচন ঘিরে বিভিন্ন
সিদ্ধান্ত জানায় নির্বাচন কমিশন।

চিফ রিটার্নিং অফিসার জসিম উদ্দিন বলেন, মঙ্গলবার থেকে
প্রার্থীরা নিয়ম মেনে প্রচারণা করতে পারবেন। ছাত্রী হলগুলোতে
সংশ্লিষ্ট হলের অনাবাসিক এবং অন্যান্য ছাত্রী হলের আবাসিক ও
অনাবাসিক প্রার্থীরা আজ থেকে ৭ সেপ্টেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল
১০টা থেকে রাত ১০টা পর্যন্ত নির্বাচনী প্রচারণা চালাতে পারবেন।

চিফ রিটার্নিং অফিসার আরো বলেন, ‘এখন পর্যন্ত মেজর কোনো
আচরণবিধির ভায়োলেশন হয়নি। এমনটি যেন ভবিষ্যতে না হয়
তা নিশ্চিত করতে আমরা কাজ করছি।

অসমতা বা বৈষম্য দেখা দিলে এবং তা লিখিত দিলে আমরা বিধি
মোতাবেক ব্যবস্থা নেব।’

ভোট প্রদানে জটিলতা এড়াতে হল কার্ড, বিশ্ববিদ্যালয়ের আইডি
কার্ড, লাইব্রেরি কার্ড বা পে ইন স্লিপ দিয়ে ভোটকেন্দ্রে ভোট
দেওয়া যাবে বলে জানান রিটার্নিং অফিসার। এ ছাড়া যেসব
ভোটার/শিক্ষার্থী ভোটার তালিকায় ছবি অপ্রদর্শিত রাখতে ইচ্ছুক,
তাঁদের আগামী ২৭ আগস্টের মধ্যে চিফ রিটার্নিং অফিসার বরাবর
আবেদন করার জন্য অনুরোধ করা হয়েছে।

২১ প্রার্থীর মনোনয়ন প্রত্যাহারের আবেদন : ডাকসু নির্বাচনে
এখন পর্যন্ত ২১ জন প্রার্থী তাঁদের মনোনয়ন প্রত্যাহারের আবেদন
করেছেন।

তবে কাদের মনোনয়ন বাতিল হবে সে তথ্য আজ মঙ্গলবার
জানানো হবে। জুলিয়াস সিজারদের ব্যাপারে তদন্ত চলমান :
ডাকসু ও হল সংসদ নির্বাচন এর আপিল নিষ্পত্তি ও আচরণবিধি
লজ্জনের অভিযোগসমূহ নিষ্পত্তির লক্ষ্যে গঠিত ট্রাইবুনাল
কমিটির গত রবিবারের সভায় জুলিয়াস সিজার তালুকদার ও
বায়েজিদ বোক্তামীকে সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত থাকা এবং নিয়ন্ত্র
সংগঠনের সঙ্গে সংশ্লিষ্টতার কারণে ভোটার ও প্রার্থী তালিকা থেকে

বাদ দেওয়ার সুপারিশ করা হয়েছে। অন্যদিকে আসাদুজ্জামান
জিলানী ও মো. খায়রুল আলমের বিরুদ্ধে আনা অভিযোগ
যথাযথভাবে প্রমাণিত না হওয়ায় এবং অভিযোগপত্রে
অভিযোগকারীর স্বাক্ষর না থাকায় তাঁদের ব্যাপারে কোনো সিদ্ধান্ত
গ্রহণ করা হয়নি।

ছাত্রদলের অভিযোগ : ডাকসু নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদলের
ভিপি প্রার্থী আবিদুল ইসলাম খান গতকাল বিকেলে মধুর
ক্যান্টিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বলেন, ‘আমরা ৫
আগস্ট-পরবর্তী সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে একটা
সহনশীল রাজনীতির চর্চা চেয়েছি। কিন্তু আমাদের বিরুদ্ধে বারবার
ষড়যন্ত্র করা হচ্ছে।

’ আবিদ বলেন, ‘আমরা আশঙ্কা করছি, গুপ্ত সংগঠন বা অন্যান্য
সংগঠন আমাদের প্রার্থীদের রাজনৈতিকভাবে মোকাবেলা করতে
না পেরে মিথ্যা প্রোপাগাণ্ডা চালাবে। তারা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন
অনলাইন গ্রুপে প্রতিনিয়ত প্রোপাগাণ্ডা চালিয়ে যাচ্ছে।’ এ জন্য
এসব গ্রুপে নিয়ন্ত্রণে প্রশাসনের কাছে দাবি জানান তিনি। তিনি
আরো বলেন, ‘আমার একটা ফেসবুক পোস্টে জামায়াতকর্মীরা
কুরুচিপূর্ণ মন্তব্য করেছে।’

উমামার বিরুদ্ধে আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ : রোকেয়া হলে
নিয়ম ভঙ্গ করে মধ্যরাতে অবস্থান করায় ভিপি পদপ্রার্থী উমামা
ফাতেমার বিরুদ্ধে আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ তুলেছেন
শিক্ষার্থীরা। এ ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক আলোচনা ও

সমালোচনা শুরু হয়েছে। এদিকে গতকাল সামাজিক যোগাযোগ
মাধ্যম ফেসবুকে এক স্ট্যাটাসের মাধ্যমে উমামা ফাতেমা দুঃখ
প্রকাশ করেন। তিনি বলেন, ‘এক হলের শিক্ষার্থী অন্য হলে যাওয়া
কোনো ফৌজদারি অপরাধ না। নিয়মবহির্ভূত হলেও নানা সময়
এক হলের মেয়েরা অন্য হলে বিভিন্ন সময় যান। এই স্বাভাবিক
প্রবণতাকে ফেসবুকের কাঠগড়ায় তুলে ক্রিমিনালাইজ করা
মেয়েদের চলাচলের পরিসরকে কমানোর শামিল।’